JUL 03 2002

তারিখ ...............
পৃষ্ঠা ........ কলাম ........

ভোরের কাগজ

# প্রাথমিক স্তরের শিক্ষাক্রম মূল্যায়ন বিষয়ক জাতীয় কর্মশালা শুরু

**কাগজ প্রতিবেদক :** জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীতে (জায়েম) গতকাল মঙ্গলবার প্রাথমিক স্তরের শিক্ষাক্রম মূল্যায়ন এবং 'প্রথম ও দ্বিতীয় শ্রেণীর শিক্ষণ সামগ্রী পরিমার্জন বিষয়ক জাতীয় কর্মশালা' উদ্বোধন হয়েছে। চট্টগ্রাম, সিলেট ও বরিশাল বিভাগের শিক্ষার উন্নয়ন প্রকল্প এনসিটিবি ইউনিটের আয়োজনে ২ দিনব্যাপী এই কর্মশালার উদ্বোধন করেন জাতীয় পাঠ্যপুস্তক ও টেক্সটবুক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. সফিউর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব অধ্যাপিকা ড. তাহমিনা হোসেন।

প্রাথমিক স্তরের শিক্ষাক্রম মূল্যায়ন ও পরিমার্জন বিষয়ক নতুনভাবে নির্ধারিত ২২টি উদ্দেশ্যকে ভিত্তি করে কর্মশালাটি চারটি অধিবেশন ভাগ করা হয়। এসব অধিবেশনে পাঠ্যপুস্তকের যৌক্তিক মূল্যায়নের মাধ্যমে প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক চূড়ান্ত করা হবে।

উল্লেখ্য, আগামী ২০০৩ সাল থেকে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর নতুন পাঠ্য পুস্তক চালু করা হবে।